

107677 - ওয়েবসাইটগুলোতে বিজ্ঞাপন দেয়া

প্রশ্ন

আমি একটি ওয়েবসাইট চালাই। আমি বিজ্ঞাপন গ্রহণ করি। যেন আমিই বিজ্ঞাপনদাতা। অর্থাৎ আমি আমার ওয়েবসাইটে বিজ্ঞাপনগুলো করি। আমি খেয়াল করলাম যে, কিছু কিছু ওয়েবসাইটে মহিলাদের ছবি রয়েছে। আর কিছু কিছু ইসলামিক ওয়েবসাইট। আর কিছু কিছু হারাম থেকে মুক্ত ওয়েবসাইট। কিন্তু আমি জানতে চাই যে, আমি কি বিজ্ঞাপনগুলোর প্রচারকারী হতে পারি?

প্রিয় উত্তর

বিজ্ঞাপন দেয়ার জন্য কোন ওয়েবসাইট খুলতে বাধা নেই। তবে শর্ত হলো বিজ্ঞাপনগুলো শরিয়ী নীতিমালা মোতাবেক হতে হবে। তথা এতে মহিলাদের ছবি থাকতে পারবে না, মিউজিক থাকতে পারবে না, মদ ও শূকরের গোশত ইত্যাদি হারাম কিছু ক্রয়ের আহ্বান থাকতে পারবে না, সুদভিত্তিক ব্যাংকিং লেনদেনের প্রচার থাকতে পারবে না এবং নষ্ট টুরিস্ট স্পট বা সন্দেহপূর্ণ বিষয়ের প্রচার থাকতে পারবে না।

স্মরণ করুন, প্রিয় ভাই আমি আপনার এ কর্মের মাধ্যমে মুসলমানদের চরিত্র, সম্পদ ও ইজ্জতের আমানদতার হয়ে যাচ্ছেন। যদি আপনি বিজ্ঞাপনের ক্ষেত্রে আল্লাহ্র নজরদারিকে মনে জাগরুক রাখেন তাহলে আপনি আপনার আমানত রক্ষা করলেন ও দায়িত্ব যথাযথভাবে সম্পন্ন করলেন। আর যদি আপনি এতে কসুর করেন এবং হারামের প্রচারে ও সমাজগুলোকে নষ্ট করায় সহযোগিতা করেন তাহলে আপনি আমানতের খেয়ানত করলেন ও দায়িত্বে অবহেলা করলেন।

আল্লাহ্ তাআলা বলেন: “হে ঈমানদারগণ! তোমরা আল্লাহ ও রাসূলের সাথে বিশ্বাসঘাতকতা করো না এবং জেনেগুনে নিজেদের আমানতসমূহের খেয়ানত করো না।” [সূরা আনফাল, আয়াত: ২৭]

আল্লাহই সর্বজ্ঞ।